

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৪তম পর্ব। এই অনুষ্ঠানটি সকাল ১১টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Yuba Morcha-Blood Donation :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলিষ্ঠ ভূমিকা নিয়েছেন। এরফলে উত্তর-পূর্বাঞ্চলের সর্বত্র শান্তির পরিবেশ বিরাজ করছে। আজ আগরতলায় যুব মোর্চার উদ্যোগে সেবা পক্ষকাল কর্মসূচির অঙ্গ হিসাবে আয়োজিত এক রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, বিজেপি'র সেবা পক্ষকাল কর্মসূচি আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চলবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার, বিজেপি'র রামনগর মন্ডল সভাপতি

তাপস দেব, কর্পোরেটর মনোজ দেব রায়, বিজেপি রাজ্য সহ-সভানেত্রী পাপিয়া দত্ত।

Financial assistance to flood victims :

শান্তিরবাজারের ডিসিএম সৈফুদ্দিন আহমেদ জানিয়েছেন সাম্প্রতিক বন্যায় শান্তিরবাজার মহকুমায় এখন পর্যন্ত ঘরবাড়ি ভেঙে পড়া প্রায় ১১০০ পরিবারকে বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। সম্পূর্ণ ঘরবাড়ি ভেঙে পড়া পরিবারগুলিকে প্রথম কিস্তির ১৫ হাজার টাকা প্রদান করা হয়েছে। সেই টাকায় ঘরের কাজ শুরু হয়েছে কিনা তা খতিয়ে দেখার কাজ শুরু হবে শীঘ্রই। উল্লেখ্য মহকুমায় ঘরবাড়ি ভেঙে পড়া প্রায় ১৫০০ পরিবারের পক্ষ থেকে মহকুমা শাসকের কাছে আর্থিক সাহায্যের জন্য আবেদন জানানো হয়েছিল। তাদের আবেদন পত্রগুলি খতিয়ে দেখা হচ্ছে বলে জানান তিনি।

Ek Ped Maa ke Naam :

কেন্দ্রীয় তথ্য সম্প্রচার ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান, গতকাল চেন্নাইতে এক পেড় মা কে নাম প্রচারে অংশ গ্রহন করেন। তিনি সাংবাদিকদের বলেন যে গত ১০ বছর ধরে, সরকার দেশের বৃদ্ধি এবং পরিকাঠামো উন্নয়নে আগ্রহী। তিনি বলেন, আগামী ২৫ বছরে এক্সপ্রেস হাইওয়ে, ইন্ডাস্ট্রিয়াল করিডর এবং সব বন্দর বৃদ্ধির মাধ্যমে উন্নয়নের সুস্পষ্ট পথ দেখানো হয়েছে।

তিনি বলেন, বিমানবন্দরগুলি সবদিক দিয়েই রূপান্তরিত হয়েছে। মন্ত্রী বলেন যে কেন্দ্র তামিলনাড়ুর উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করেছে এবং মেক ইন ইন্ডিয়া প্রকল্পের অধীনে প্রতিরক্ষা সামগ্রী তৈরি এবং অন্যান্য দেশে রপ্তানি বৃদ্ধি করেছে। শ্রী

মুরুগান আগামী ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মদিন উপলক্ষে
খাদি পরার জন্য জনসাধারণের প্রতি আবেদন জানান।

Swacchata Hi Seva :

স্বচ্ছতাই সেবা প্রচার পর্বে রাজ্য নগোরন্নয়ন দপ্তর এক অভিনব
উদ্যোগ নিয়েছে। ফেলে দেওয়া সামগ্রী ও আবর্জনা দিয়ে
চিত্তাকর্ষক শিল্পকর্ম গড়ে তোলা হবে। নগরোন্নয়ন দপ্তরের
অধিকর্তা রজত পন্থ এ ব্যপারে আকাশবাণীকে বলেন, বিভিন্ন
স্কুলের ছাত্রছাত্রীদের দিয়ে এইসব শিল্পকর্ম নির্মানের উদ্যোগ
নেওয়া হয়েছে। শিল্পকর্মগুলো আগামী দোসরা অক্টোবর
আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে প্রদর্শনের পরিকল্পনা
রয়েছে।

PM, OROP :

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল বলেছেন,
জম্মু ও কাশ্মীরের জনগণ তাদের সন্তানদের জন্য শান্তি এবং
একটি ভালো ভবিষ্যত চায়। জম্মুতে একটি নির্বাচনী সমাবেশে
ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, বিধানসভা নির্বাচনের শেষ দুই
ধাপে বিপুল ভোট তারই প্রমাণ।

শ্রী মোদী, 'ওয়ান র‍্যাক্স, ওয়ান পেনশন'-এর বিষয়ে কংগ্রেসের
সমালোচনা করে বলেন তাঁর সরকার OROP কার্যকর করেছে।
তিনি বলেন, এখন পর্যন্ত সেনা পরিবার ১ লক্ষ ২০ হাজার কোটি
টাকার বেশি পেয়েছে। জম্মু ও কাশ্মীরে চূড়ান্ত পর্বে আগামী
মঙ্গলবার ৪০টি বিধানসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে।
প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে ২০১৬ সালে আজকের দিনেই ভারত
পাকিস্তানের বিরুদ্ধে সার্জিক্যাল স্ট্রাইক করেছিল।

Accident death :

গতকাল রাতে পৃথক দুটি যান দুর্ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে। পুলিশ জানিয়েছে, আগরতলার মৌচাক ক্লাবের সামনে লরির সঙ্গে বাইকের সংঘর্ষে পুস্পিতা সাহা নামে এক তরুণীর মৃত্যু হয়েছে। তার বাড়ি অরুন্ধতীনগর এলাকায়। পুলিশ লরিটি আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে। অন্যদিকে, নন্দননগরে লরির সঙ্গে সংঘর্ষে মারা গেছেন উপেন্দ্র রিয়াং নামে এক যুবক।

Detain of rohinga :

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গতকাল আগরতলা রেল স্টেশনে চার রোহিঙ্গা এবং এক বাংলাদেশি নাগরিককে গ্রেপ্তার করেছে পুলিশ। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, ধৃতদের মধ্যে একজন মহিলা। আজ তাদের আদালতে হাজির করা হবে।

Chandra Smriti League :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের খেলা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল সাড়ে তিনটায় এগিয়ে চলো সংঘ বনাম ব্লাডমাউথ ক্লাব এবং সন্ধ্যা সোয়া ছয়টায় লালবাহাদুর ব্যায়ামাগার বনাম রামকৃষ্ণ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আগামী তেসরা অক্টোবর পর্যন্ত সুপার লিগের খেলা চলবে।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন

২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে তাপমাত্রা ছিল সর্বনিম্ন ২৫.৯ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।
